

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন
ই-১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.doe.gov.bd



মুজিব বর্ষে শপথ করি
পরিচ্ছন্ন ও উন্নত দেশ গড়ি

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা ওয়াসার ঠিকাদার প্রতিষ্ঠান (নাভানা কঙ্ট্রাকশন লিঃ)-কে ক্ষতিপূরণ ধার্য করলো পরিবেশ অধিদপ্তর।

পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ২৯/০৭/২০২০ তারিখ দুপুর ১.০০ টার সময় পরিবেশ অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে ঢাকা শহরের পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা এবং ঢাকা মহানগর কার্যালয় এর সমন্বয়ে জনাব রূবিনা ফেরদৌসী, পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট এর নেতৃত্বে ঢাকাস্থ পরিকল্পনা কমিশনের সম্মুখ রাস্তা (বিআইসিসি এর সামনের রাস্তায়) ঢাকা ওয়াটার সাপ্লাই নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (আগারগাঁও অংশ) সরেজমিন পরিদর্শন করেন। এ সময়ে পরিবেশগত ছাড়পত্রের শর্তাবলী প্রতিপালন ব্যতিরেকে রাস্তা খনন করে রাস্তার মাটি আচ্ছাদন ব্যতিত স্পাকারে খোলা অবস্থায় রাখা হয়েছে। এর ফলে বৃষ্টিতে মাটি ও বালু রাস্তা সংলগ্ন দ্রেনে পতিত হয়ে ব্রকেজ সৃষ্টি করে জলাবদ্ধতা তৈরী করছে যা পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধন করছে। এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫, (সংশোধিত ২০১০) এর ৭ ধারার আলোকে আলোচ্য ঢাকা ওয়াসার প্রকল্প বাস্তবায়নকারী ঠিকাদার সংস্থা নাভানা কঙ্ট্রাকশন লিঃ) কে ১ (এক) লক্ষ ঢাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। উক্ত এনফোর্সমেন্ট কায়ক্রমে পরিবেশ অধিদপ্তরের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ, সহকারী পরিচালক জনাব মোঃ সাইফুল আশ্রাব, পরিদর্শক জনাব মোঃ মির্জা আসাদুল কিবরিয়া অংশ গ্রহণ করেন। এই পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখ: ২৯/০৭/২০২০ খ্রি:

স্বাক্ষরিত/-

(মোঃ মির্জা আসাদুল কিবরিয়া)

পরিদর্শক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।